

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পশ্চীম উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-ও শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ই আষাঢ় ১৪১০/৩০শে জুন ২০০৩

এস, আর, ও নং ১৮৮-আইন/২০০৩—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১০৬-আইন/২০০৩, তারিখ ২৪শে এপ্রিল, ২০০৩ ইংরেজী মোতাবেক ১১ই বৈশাখ, ১৪১০ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বিলিয়া উন্নিষিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য চট্টগ্রাম জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাত্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ২৬শে

আঘাড়, ১৪১০ বাংলা মোতাবেক ১০ই জুলাই, ২০০৩ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি সাতকানিয়া মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল নং	দাগ নং
(১)	মাদার্শা	রামপুর	৫২	৮৮১—১২৯৪, ২৮৩৭—৩০৩৪, ৩৫০১—৫১৭৯।
(২)	পশ্চিম চেমসা	পশ্চিম চেমসা	৫৫	১২৭৭—১৩৭৮, ১৪১১—১৫৩২, ১৫৭১—১৬৪৩, ৩০০১—৬০৪৭, ১০০০১—১০৪৪৬।
(৩)	চেমসা	দক্ষিণ চেমসা	৫৬	০১—১৯৮, ৪৪৬—৫৫০, ৮০০১—৪৭২৮, ৬৪৫৬—৭৯১৪, ১৫০০১—১৬৩৬০।
(৪)	ছদাহা	ছেয়দাবাদ	৫৮	৭৩৪—৯৩০
(৫)	সাতকানিয়া	রংপুরকানিয়া	৬৫	০১—১৬৮০, ১৭৮৮—৩৬০০, ৮২১১—৮৭৮৫।
(৬)	সোনাকানিয়া	সোনাকানিয়া	৬৬	৪০৬—২৫০৮, ৫০০১—৬০৬৮।

রাষ্ট্রপতির আদেশতাম্র

মোঃ রফিল আমিন সরকার
উপ-সচিব (পৌর)।

শেখ মোঃ মোনারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মন্ত্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।